

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা
www.cabinet.gov.bd

নং-০৪.০০.০০০০.৭১২.২৩.০২৮.১৪.০৭

তারিখঃ ১১ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০১৫ খ্রিঃ

জনাব/বেগম-----

স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত সুধী

বিষয়: স্বাধীনতা পুরস্কার ২০১৬-এর জন্য মনোনয়ন।

মহোদয়,


আপনি অবগত আছেন যে, স্বাধীনতা পুরস্কারের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং ইতঃপূর্বে স্বাধীনতা পুরস্কার/স্বাধীনতা দিবস পুরস্কারপ্রাপ্ত সুধীজন মনোনয়ন প্রদান করে থাকেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত 'স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি' অনুসরণে নির্ধারিত ছকে এ প্রস্তাব প্রেরিত হয়।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ স্বাধীনতা পুরস্কার ২০১৬-এর মনোনয়ন প্রক্রিয়াকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য উক্ত নির্দেশাবলির একটি কপি এইসঙ্গে প্রেরণ করছি।

০৩। স্বাধীনতা পুরস্কার ২০১৬-এর জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের বিষয়ে আপনার কোন মনোনয়ন থাকলে তা আগামী ৩০ নভেম্বর ২০১৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করছি। মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd/site/view/lwa_forms) থেকেও স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা যাবে।

সংযুক্তি: স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি।

আপনার বিশ্বস্ত



(মোঃ নজরুল ইসলাম)

সচিব (সমন্বয় ও সংস্কার)

ফোনঃ ৯৫১৩৩০১

E-mail:secy_cnr@cabinet.gov.bd